

## ধর্মঘট বাক্স কারখানায়

নিজস্ব সংবাদদাতা

কাঁচা মালের দাম হঠাৎ বেড়ে যাওয়ার ফলে সমস্যায় পড়েছে করোগেটেড বোর্ড তৈরির সংস্থাগুলি। তাদের সমস্যার প্রতি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে আগামী কাল সোমবার এক দিনের প্রতীক ধর্মঘট ডেকেছে ইস্টার্ন ইন্ডিয়া করোগেটেড বোর্ড ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন।

সংগঠনের সভাপতি মিলন দে বলেন, “পূর্বাঞ্চলে করোগেটেড বোর্ডের বাক্স তৈরির প্রায় ৯০০ কারখানা ওই ধর্মঘটে সামিল হবে। সবগুলিই ছোট ও মাঝারি শিল্পের আওতায় পড়ে। কাঁচামালের দাম দ্রুত বেড়ে যাওয়ার ফলে বহু কারখানা উৎপাদন কমিয়ে দিয়েছে। এর ফলে কাজ হারিয়েছেন অনেক শ্রমিক।”

কুগঞ্জকলগুলি করোগেটেড বোর্ডের বাক্স তৈরির কাঁচামাল ক্রাফট পেপারের দাম আচমকা অনেকটা বাড়িয়ে দেওয়ার ফলেই তারা সমস্যায় পড়েছেন বলে অভিযোগ করেন মিলনবাৰ।

এই পরিস্থিতিতে আমদানি করা ক্রাফট পেপারের উপর আমদানি শুল্ক রেহাই দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আর্জি জানিয়েছে সংগঠনটি।